



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

ভর্তি নির্দেশিকা

১ম বর্ষ ১ম সেমিস্টার স্নাতক (সম্মান/ইঞ্জিঃ) শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫

<http://admission.sust.edu.bd>

১. ভর্তি পরীক্ষা

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিথ্রিবি), সিলেট এর ২০২৪-২৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ প্রথম সেমিস্টার স্নাতক (সম্মান/ইঞ্জিঃ) ভর্তি পরীক্ষা **২৮ ফেব্রুয়ারী ২০২৫**, শুক্রবার সকাল এবং বিকাল বেলায় অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় দুইটি ইউনিট থাকবে: A ইউনিট ও B ইউনিট। B ইউনিটের ভর্তি পরীক্ষা সকালে এবং A ইউনিটের ভর্তি পরীক্ষা বিকালে অনুষ্ঠিত হবে। যে সকল শিক্ষার্থী বিজ্ঞান শাখা থেকে এইচ.এস.সি বা সমমান পরীক্ষা পাশ করেছে তারা নির্ধারিত যোগ্যতা পূরণ সাপেক্ষে A ও B উভয় ইউনিটে আবেদন করতে পারবে। বিজ্ঞান শাখা ব্যতিত অন্য সকল শাখা থেকে এইচ.এস.সি বা সমমান পরীক্ষা পাশ করা শিক্ষার্থীরা নির্ধারিত যোগ্যতা পূরণ সাপেক্ষে B ইউনিটে আবেদন করতে পারবে।

২. ভর্তি পরীক্ষায় আবেদনের যোগ্যতা

- ২.১ ২০২৩ অথবা ২০২৪ সালে অনুষ্ঠিত এইচ.এস.সি (সাধারণ ও কারিগরি)/আলিম/ডিপ্লোমা-ইন-কর্মসূচি/সমমান এবং ২০২১ অথবা ২০২২ সালে অনুষ্ঠিত এস.এস.সি (সাধারণ ও কারিগরি)/দাখিল বা সমমান পরীক্ষাতে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। A ইউনিটে আবেদন করার জন্য বিজ্ঞান বিভাগ থেকে এইচ.এস.সি/সমমান ও এস.এস.সি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA 3.0 সহ মোট 7.0 থাকতে হবে এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষায় গণিতে ন্যূনতম GPA 3.5 (A লেভেলের ক্ষেত্রে B গ্রেড) থাকতে হবে। B ইউনিটে আবেদন করার জন্য বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগ থেকে এইচ.এস.সি/সমমান ও এস.এস.সি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA 3.0 সহ মোট 6.5 থাকতে হবে।
- ২.২ GCE এর ক্ষেত্রে আই.জি.সি.এস.ই (O লেভেল) এ কমপক্ষে ৩টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাশ এবং আই.এ.এল (A লেভেল) এ কমপক্ষে ২টি বিষয়ে B গ্রেডসহ ৩টি বিষয়ে পাশ থাকতে হবে। ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০১৯ অথবা ২০২০ সালে অনুষ্ঠিত এস.এস.সি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এ ক্ষেত্রে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের গ্রেডশীট/সনদপত্র এবং GCE এর ক্ষেত্রে O লেভেল/সমমান ও A লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ গ্রেডশীট/সনদপত্র SSC এবং HSC পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাথে Equivalency নির্ধারণের জন্য equivalence-application@sust.edu ইমেইলে সংযুক্তিসহ **১২ জানুয়ারী ২০২৫** এর মধ্যে প্রেরণ করতে হবে। কাগজপত্রসমূহ মূল্যায়নের পর তাদের শিক্ষাগত যোগ্যতা ভর্তি যোগ্যতার মানদণ্ডে উপযুক্ত কিনা তা জানানো হবে এবং আবেদনে ইচ্ছুক শিক্ষার্থীদের **২৫ জানুয়ারী, ২০২৫** এর মধ্যে foreign-application@sust.edu ইমেইলে সংযুক্তিসহ পাঠাতে হবে। কাগজপত্রসমূহ মূল্যায়নের পর তাদের শিক্ষাগত যোগ্যতা ভর্তি যোগ্যতার মানদণ্ডে উপযুক্ত কিনা তা জানানো হবে এবং আবেদনে ইচ্ছুক শিক্ষার্থীদের **২৫ জানুয়ারী, ২০২৫** এর মধ্যে অনলাইন আবেদন পোর্টালে আবেদনপত্র পূরণ করে আবেদন সম্পন্ন করতে হবে। যোগ্যতা অর্জনকারী শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা তালিকা অনুসারে শিক্ষার্থীরা ভর্তির জন্য বিবেচিত হবে। ভর্তির সময় সকল সনদপত্র ও নম্বরপত্রের মূল কপি দাখিল করতে হবে।
- ২.৩ আবেদনে ইচ্ছুক বিদেশে অধ্যয়ন করা দেশী নাগরিকদের প্রয়োজনীয় কাগজপত্র (পাসপোর্ট সাইজের রঙিন ছবি, পাসপোর্ট/নাগরিকত্ব সনদপত্র, 10th Grade/ O লেভেল/ SSC/ সমমান ও 12th Grade/ A লেভেল/ H.S.C/ সমমান পাশের সনদপত্র ও নম্বরপত্র মূল্যায়নের জন্য **১২ জানুয়ারী, ২০২৫** এর মধ্যে foreign-application@sust.edu ইমেইলে সংযুক্তিসহ পাঠাতে হবে। কাগজপত্রসমূহ মূল্যায়নের পর তাদের শিক্ষাগত যোগ্যতা ভর্তি যোগ্যতার মানদণ্ডে উপযুক্ত কিনা তা জানানো হবে এবং আবেদনে ইচ্ছুক শিক্ষার্থীদের **২৫ জানুয়ারী, ২০২৫** এর মধ্যে অনলাইন আবেদন পোর্টালে আবেদনপত্র পূরণ করে প্রয়োজনীয় ফি পরিশোধ করে আবেদন সম্পন্ন করতে হবে। যোগ্যতা অর্জনকারী বিদেশে অধ্যয়ন করা দেশী শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা তালিকা অনুসারে ভর্তির জন্য বিবেচিত হবে। ভর্তির সময় সকল সনদপত্র ও নম্বরপত্রের মূল কপি দাখিল করতে হবে।
- ২.৪ বিদেশি নাগরিকদের (বিদেশি পাসপোর্টধারী) ভর্তির আবেদনের জন্য 12th Grade বা IAL (A লেভেল) বা H.S.C /সমমান পরীক্ষায় পাশ হতে হবে। এ ক্ষেত্রে আবেদনে ইচ্ছুক বিদেশী নাগরিকদের প্রয়োজনীয় কাগজপত্র (পাসপোর্ট সাইজের রঙিন ছবি, পাসপোর্ট/নাগরিকত্ব সনদপত্র, 10th Grade/ O লেভেল/ SSC/ সমমান ও 12th Grade/ A লেভেল/ H.S.C/ সমমান পাশের

সনদপত্র ও প্রেডশীট ও Scholastic Aptitude Test (SAT) এর unofficial Score Sheet (যদি থাকে), এবং ভর্তি হতে ইচ্ছুক এরকম বিভাগসমূহের ক্রম তালিকা) মূল্যায়নের জন্য ২৮ ফেব্রুয়ারী, ২০২৫ এর মধ্যে foreign-application@sust.edu ইমেইলে সংযুক্তিসহ পাঠাতে হবে। কাগজপত্রসমূহ মূল্যায়নের পর তাদের শিক্ষাগত যোগ্যতা ভর্তি যোগ্যতার মানদণ্ডে উপযুক্ত কিনা তা জানানো হবে। আবেদনকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত শুধুমাত্র প্রেডশীট এবং SAT Score (ন্যূনতম ৮০০ অর্জনকারী) এর উপর ভিত্তি করে মেধাক্রম অনুসারে শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তিতে মনোনীত বিদেশি আবেদনকারীদেরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতিপত্র এবং পররাষ্ট্র মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয় দ্বারা সত্যায়িত করা থাকতে হবে।

- ২.৫ আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াড, আন্তর্জাতিক ইনফরমেটিক্স অলিম্পিয়াড, আন্তর্জাতিক পদাৰ্থবিজ্ঞান অলিম্পিয়াড এবং অন্যান্য স্বীকৃত আন্তর্জাতিক অলিম্পিয়াডে স্বর্ণ, রৌপ্য অথবা ব্রোঞ্জ মেডেল প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত আবেদন করতে পারবে; সংশ্লিষ্ট আন্তর্জাতিক অলিম্পিয়াডটি মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক পর্যায়ের হতে হবে। আন্তর্জাতিক অলিম্পিয়াডে পদকপ্রাপ্ত শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাগজপত্র (পাসপোর্ট সাইজের রঙিন ছবি, এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পাশের সনদপত্র, অলিম্পিয়াডে পদক প্রাপ্তির সনদপত্র) মূল্যায়নের জন্য ২৮ ফেব্রুয়ারী, ২০২৫ এর মধ্যে olympiad-application@sust.edu ইমেইলে সংযুক্তিসহ পাঠাতে হবে। কাগজপত্রসমূহ মূল্যায়নের পর তাদের শিক্ষাগত যোগ্যতা ভর্তি-যোগ্যতার মানদণ্ডে উপযুক্ত কিনা তা জানানো হবে। আবেদনকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে মেধার ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।

৩. ভর্তি পরীক্ষার আবেদনের সময়সীমা

ভর্তি পরীক্ষার আবেদন ৫ জানুয়ারী ২০২৫ থেকে ২৫ জানুয়ারী ২০২৫ পর্যন্ত শুধুমাত্র admission.sust.edu.bd সাইটের মাধ্যমে করা যাবে।

৪. ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার স্থান ও সময়

ভর্তি পরীক্ষা শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি), সিলেট এবং সিলেট শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে। এছাড়া ঢাকা, চট্টগ্রাম, রংপুর এবং যশোর এর কয়েকটি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ঢাকা মহানগরস্থ কেন্দ্রগুলোর আসন সংখ্যা সীমিত থাকবে। এই কেন্দ্রগুলোতে ভর্তি পরীক্ষা দিতে ইচ্ছুক আবেদনকারী দ্বারা আসন সংখ্যা পূরণ হয়ে গেলে ঢাকায় কেন্দ্র পছন্দ করার সুযোগ আর থাকবে না। তবে উল্লেখিত অন্যান্য শহরের কেন্দ্রগুলোর আসন সংখ্যা উন্নুক্ত থাকবে। উল্লেখ্য, আর্কিটেকচার (ARC) বিভাগে ভর্তি ইচ্ছুক A ইউনিট এর পরীক্ষার্থীদের ভর্তি পরীক্ষা শুধুমাত্র শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি), সিলেট পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার তারিখ ও সময়

তারিখ	বার	B ইউনিট (বিজ্ঞান+মানবিক+বাণিজ্য)	A ইউনিট (বিজ্ঞান)
২৮ ফেব্রুয়ারী ২০২৫	শুক্রবার	সকাল ১০:৩০ মিঃ	বিকাল ৩:০০ মিঃ
B ইউনিটের পরীক্ষার্থীদেরকে সকাল ১০টাৰ মধ্যে এবং A ইউনিটের পরীক্ষার্থীদেরকে দুপুর ২:৩০টাৰ মধ্যে নির্দিষ্ট পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট কক্ষে আসন গ্রহণ করতে হবে।			

৫. ইউনিটভুক্ত বিভাগসমূহ এবং আসন সংখ্যা

৫.১ A ইউনিটভুক্ত বিভাগসমূহ এবং আসন সংখ্যা (বিজ্ঞান):

Group	বিভাগ	আসন সংখ্যা
Group 1 (A1)	পদার্থবিজ্ঞান (PHY)	৬৫
	রসায়ন (CHE)	৬৫
	গণিত (MAT)	৮০
	পরিসংখ্যান (STA)	৮০
	কম্পিউটার সায়েন্স এবং ইঞ্জিনিয়ারিং (CSE)	১০০
	কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং পলিমার সায়েন্স (CEP)	৫০
	ইন্ডস্ট্রিয়াল এবং প্রক্রক্ষণ ইঞ্জিনিয়ারিং (IPE)	৫০
	সিলিল এবং এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং (CEE)	৫০
	ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE)	৫০
	ফুড ইঞ্জিনিয়ারিং এবং টি টেকনোলজি (FET)	৮০
	পেট্রোলিয়াম এবং মাইনিং ইঞ্জিনিয়ারিং (PME)	৩৫
	ভূগোল ও পরিবেশ (GEE)	৫০
	মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (MEE)	৩৫
	সমুদ্রবিজ্ঞান (OCG)	৩০
	সফ্টওয়্যার ইঞ্জিনিয়ারিং (SWE)	৫০
	জেনেটিক ইঞ্জিনিয়ারিং এবং বায়োটেকনোলজি (GEB)	৩৫
	বায়োকেমিস্ট্রি এবং মলিকুলার বায়োলজি (BMB)	৩৫
	ফরেস্ট্রি এবং এনভায়রনমেন্টাল সায়েন্স (FES)	৫৫
Group 2 (A2)	Group 1 (A1) এর সকল বিভাগ	৯৫৫
	আর্কিটেকচার (ARC)	৩০
মোট আসন সংখ্যা =		৯৮৫

৫.২ B ইউনিটভুক্ত বিভাগসমূহ এবং আসন সংখ্যা (বিজ্ঞান + মানবিক + বাণিজ্য)

বিভাগ	আসন সংখ্যা
অর্থনীতি (ECO)	৮০ + ২০ + ৬ = ১০৬
সমাজবিজ্ঞান (SOC)	৩০ + ৩০ + ৬ = ৬৬
পলিটিক্যাল স্টাডিজ (PSS)	২০ + ৮০ + ৬ = ১০৬
লোক প্রশাসন (PAD)	২০ + ৮০ + ৬ = ১০৬
নৃ বিজ্ঞান (ANP)	২৫ + ৩৫ + ৬ = ৬৬
সমাজকর্ম (SCW)	২৫ + ৩৫ + ৬ = ৬৬
ব্যবসায় প্রশাসন (BUS)	৩০ + ১০ + ৩৫ = ৭৫
ইংরেজি (ENG)	২০ + ২৫ + ৫ = ৫০
বাংলা (BNG)	৫ + ৪৯ + ৬ = ৬০
মোট আসন সংখ্যা = ৫৮১	

৫.৩ উপরে উল্লিখিত আসন ছাড়া অতিরিক্ত ১০৫টি সংরক্ষিত আসন থাকবে, যার মধ্যে মুক্তিযোদ্ধা (২৮ জন), ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/জাতিসংস্থা/হরিজন-দলিত (২৮ জন), প্রতিবন্ধী (১৪ জন), চা শ্রমিক (০৫ জন), পোষ্য (২০ জন), বিকেএসপি (১০ জন)।

৬. এইচ.এস.সি বা সমমান পরীক্ষা পর্যায়ের বিষয়গত যোগ্যতা

একটি নির্দিষ্ট বিভাগে ভর্তি হওয়ার জন্যে সংশ্লিষ্ট বিষয়ে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় ন্যূনতম GPA 3.5 কিংবা A লেভেলে ন্যূনতম B গ্রেড থাকতে হবে। তবে ইংরেজী (ENG) বিভাগে ভর্তির জন্য এইচ.এস.সি বা সমমান পরীক্ষায় ইংরেজী বিষয়ে গ্রেড পয়েন্ট ৫ (A+) থাকতে হবে। আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াড, আন্তর্জাতিক ইনফরমেটিক্স অলিম্পিয়াড, আন্তর্জাতিক পদাৰ্থবিজ্ঞান অলিম্পিয়াড এবং অন্যান্য স্বীকৃত আন্তর্জাতিক অলিম্পিয়াডে স্বীকৃত প্রাপ্তি শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষা ছাড়াই সংশ্লিষ্ট বিভাগে ভর্তির সুযোগ পাবে। ‘সংশ্লিষ্ট বিভাগ’ সম্পর্কে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বিভাগ	সংশ্লিষ্ট বিষয়
PHY, CSE, IPE, ARC, EEE, MEE, SWE	পদাৰ্থবিজ্ঞান, গণিত
CEE, CEP, CHE, GEE, OCG, PME	পদাৰ্থবিজ্ঞান, রসায়ন, গণিত
GEB, BMB, FET	জীববিজ্ঞান, রসায়ন, গণিত
MAT, STA	গণিত
FES	জীববিজ্ঞান, গণিত
SOC, SCW, PSS, PAD, ANP	সমাজবিজ্ঞান বা পৌরনীতি বা যুক্তিবিদ্যা বা অর্থনীতি বা ইসলামী অর্থনীতি বা সমাজকল্যাণ বা বাণিজ্যিক ভূগোল বা ইংরেজি অথবা বাণিজ্য বা বিজ্ঞান শাখার যে কোন বিষয়
ECO	অর্থনীতি বা ইসলামী অর্থনীতি বা গণিত বা পরিসংখ্যান বা অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বা ইংরেজি
BUS	অর্থনীতি বা ইসলামী অর্থনীতি বা গণিত বা পরিসংখ্যান বা ইংরেজি অথবা বিজ্ঞান বা বাণিজ্য শাখার যে কোন বিষয়
ENG	ইংরেজি
BNG	বাংলা

৭. ভর্তি পরীক্ষা পদ্ধতি

৭.১ ভর্তি পরীক্ষা সম্পূর্ণভাবে বহু নির্বাচনী প্রশ্ন (MCQ) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে OMR ফরম-এ উত্তর করতে হবে। পরীক্ষার হলে নির্দিষ্ট মডেলের ক্যালকুলেটর ব্যতীত মোবাইল ফোনসহ যাবতীয় ইলেক্ট্রনিক্স ডিভাইস সাথে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ। ক্যালকুলেটরের মডেল সংক্রান্ত তথ্য admission.sust.edu.bd/calculatormodels.pdf পেইজে পাওয়া যাবে।

৭.২ প্রশ্নপত্রের ভাষা

ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র বাংলায় প্রণয়ন করা হবে। তবে কোনো পরীক্ষার্থী যদি ইংরেজি মাধ্যমে প্রশ্নপত্র পেতে চায় তবে তাকে আবেদন পত্রের নির্দিষ্ট স্থানে তা উল্লেখ করতে হবে, যা অনলাইনে ভর্তি পরীক্ষার আবেদন পত্র পূরণ করার সময় আবেদনকারীর নিকট দৃশ্যমান হবে।

৭.৩ ভর্তি পরীক্ষার বিষয়, প্রশ্ন সংখ্যা, মোট নম্বর, পরীক্ষার সময় এবং পরীক্ষার ফি

(বন্ধনীর সংখ্যাগুলো মোট প্রশ্ন সংখ্যা এবং উক্ত মোট প্রশ্ন সংখ্যার জন্য মোট নম্বর হিসেবে পরিগণিত হবে)

ইউনিট	প্রযোজ্য বিভাগসমূহ	মোট নম্বর, প্রশ্ন সংখ্যা এবং যে বিষয়ে পরীক্ষা দিতে হবে	পরীক্ষার সময়	পরীক্ষার ফি (টাকা)
A	Group-1 (A1) ও Group-2 (A2) এর সকল বিভাগের জন্য আবশ্যিকীয় মূল পরীক্ষা	<p>মোট নম্বর: ৮০, প্রশ্ন সংখ্যা: ৮০</p> <p>পদার্থবিজ্ঞান (২০), রসায়ন (২০), গণিত (২০), এবং জীববিজ্ঞান (২০) অথবা ইংরেজি (২০)</p>	১ ঘন্টা ৩০ মিনিট	১২৫০/-
	Group-2 (A2)	<p>মূল পরীক্ষা শেষে পরীক্ষার্থীরা অতিরিক্ত ড্রয়িং ও স্থাপত্য বিষয়ক সাধারণ জ্ঞান বিষয়ে ৩০ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করবে</p>	১ ঘন্টা	১৪০০/-
B	B ইউনিট- এর সকল বিভাগ	<p>বিজ্ঞান বিভাগ থেকে HSC পাশকৃত পরীক্ষার্থীদের জন্য:</p> <p>মোট নম্বর: ৮০, প্রশ্ন সংখ্যা: ৮০</p> <p>ইংরেজি (১৫), বাংলা (১০), পদার্থবিজ্ঞান (১৫), রসায়ন (১৫), বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রসঙ্গ (১০), এবং গণিত (১৫) অথবা জীববিজ্ঞান (১৫)</p>	১ ঘন্টা ৩০ মিনিট	১২০০/-
		<p>মানবিক ও বাণিজ্য বিভাগ থেকে HSC পাশকৃত পরীক্ষার্থীদের জন্য:</p> <p>মোট নম্বর: ৮০, প্রশ্ন সংখ্যা: ৮০</p> <p>আবশ্যিকীয় বিষয় (৬৫ নম্বর):</p> <p>ইংরেজি (১৫), বাংলা (১৫), মাধ্যমিক পর্যায়ের সাধারণ গণিত (১৫), বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রসঙ্গ (১০), আইসিটি (১০)</p> <p>অবশিষ্ট ১৫ নম্বরের জন্য এইচ.এস.সি মানবিক বিভাগের পরীক্ষার্থীদের মানবিক শাখার এবং বাণিজ্য বিভাগের পরিক্ষার্থীদের বাণিজ্য শাখার উভয়ের প্রদান করতে হবে।</p> <p>মানবিক শাখা: অর্থনীতি, পৌরনীতি, সমাজবিজ্ঞান ও সমাজ কল্যান, ইতিহাস সম্পর্কিত প্রশ্নাবলি (১৫)</p> <p>বাণিজ্য শাখা: হিসাববিজ্ঞান এবং ব্যবসায় নীতি ও ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশ্নাবলী (১৫)</p>	১ ঘন্টা ৩০ মিনিট	

৭.৩.১ GEB এবং BMB বিভাগে ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় জীববিজ্ঞান বিষয়ে অংশগ্রহণ বাধ্যতামূলক।

৭.৩.২ আর্কিটেকচার বিভাগে ভর্তিচ্ছ প্রার্থীকে ড্রয়িং ও স্থাপত্য বিষয়ক সাধারণ জ্ঞানের পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর পেতে
হবে।

৭.৩.৩ B ইউনিটের ইংরেজি বিভাগে ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় ইংরেজিতে কমপক্ষে ৪০% নম্বর পেতে হবে। অর্থনীতি বিভাগে
ভর্তি হতে হলে মানবিক এবং বাণিজ্য বিভাগের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় মাধ্যমিক পর্যায়ের সাধারণ গণিতে কমপক্ষে
৪০% নম্বর পেতে হবে এবং বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার গণিত বিষয়ে উভয়ের প্রদান বাধ্যতামূলক।

৮. ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়া ও তথ্য প্রাপ্তি

- ৮.১ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি) স্নাতক ১ম বর্ষ ১ম সেমিস্টার (সম্মান/ইঞ্জিঃ) ভর্তি পরীক্ষা ২০২৪-২৫ সংক্রান্ত বিস্তারিত তথ্য এবং পূর্ণাঙ্গ ম্যানুয়াল admission.sust.edu.bd/applicationprocedure.pdf পেইজে পাওয়া যাবে। আবেদনে ইচ্ছুক শিক্ষার্থীরা শুধুমাত্র অনলাইনে admission.sust.edu.bd সাইটের মাধ্যমে ইউনিট ভিত্তিক ভর্তি পরীক্ষার আবেদন পত্র পূরণ, প্রয়োজনীয় সার্টিফিকেট, মার্কশীট ও ছবি আপলোড, ও পূরণকৃত আবেদন পত্র জমা দিয়ে প্রয়োজনীয় ফি পরিশোধ করে আবেদন সম্পন্ন করতে পারবে। সংরক্ষিত আসনে ভর্তিচ্ছ প্রার্থীদেরকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ থেকে প্রমানপত্র Online আবেদনের সাথে upload করতে হবে।
- ৮.২ যদি কোন শিক্ষার্থী A ও B উভয় ইউনিটে পরীক্ষা দিতে চায় তবে তাকে দুটি ইউনিটে পৃথকভাবে দুটি আবেদন সম্পন্ন করতে হবে। কোন শিক্ষার্থী A ইউনিটের Group-2 (A2) তে আবেদন করলে আর্কিটেকচার (ARC) বিভাগসহ Group-1 (A1) এর সকল বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।
- ৮.৩ আবেদন করার জন্যে admission.sust.edu.bd সাইটে গিয়ে এইচ.এস.সি এর পাশের সন, বোর্ড, রোল নম্বর এবং মোবাইল নম্বর (নিজের বা অভিভাবকের) দিয়ে sign up করলে প্রদত্ত মোবাইল নম্বরে User ID ও Password পাঠানো হবে। অতঃপর প্রদত্ত User ID ও Password দিয়ে উল্লিখিত সাইটে sign in করে এস.এস.সি এর রেজিস্ট্রেশন নম্বর, বোর্ড, রোল নম্বর, পাশের সন, জিপিএ, ৩০০X৪০০ পিক্সেলের অনুর্ধ 100 KB এর scanned ছবি এবং ইউনিট ও সংরক্ষিত আসন সংক্রান্ত তথ্য দিয়ে আবেদন করতে হবে। আবেদন সম্পন্ন হলে প্রার্থীকে একটি Bill/Reference Number এবং প্রদেয় টাকার পরিমাণ জানিয়ে দেওয়া হবে। ভর্তি ফি পেমেন্ট সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য এবং পরীক্ষার ফি পরিশোধের ধাপগুলো admission.sust.edu.bd সাইটের মাধ্যমে আবেদনকালীন সময়ে দৃশ্যমান হবে।
পেমেন্ট সম্পন্ন হলে অনুর্ধ ২৪ ঘন্টার মধ্যে প্রার্থী-প্রদত্ত মোবাইল নম্বরে ভর্তি পরীক্ষার Roll Number জানিয়ে দেয়া হবে। প্রার্থীগণ User ID এবং Password ব্যবহার করে admission.sust.edu.bd তে সাইন-ইন করেও তার ভর্তি পরীক্ষার Roll Number সহ অন্যান্য তথ্যাদি দেখতে পারবে। A ও B ইউনিট এ আবেদনে ইচ্ছুক শিক্ষার্থী একই User ID ও Password ব্যবহার করে একই নিয়মে পৃথক দুটি আবেদন সম্পন্ন করবে।
- ৮.৪ সংরক্ষিত আসনে আবেদনে ইচ্ছুক শিক্ষার্থীদের অনলাইন পোর্টালে আবেদন করার সময় ছবি আপলোড করার সাথে সাথে সংরক্ষিত আসনের অপশনটি নির্বাচন করে দিতে হবে এবং আবেদনকারীগণ সংরক্ষিত আসনের একটিমাত্র অপশন ব্যবহার করতে পারবেন।
- ৮.৫ একবার আবেদন সম্পন্ন হয়ে গেলে (Bill/Reference Number পাওয়ার পর) ছবি এবং একাডেমিক সংশ্লিষ্ট কোন প্রকার তথ্য পরিবর্তন করা যাবে না।
- ৮.৬ **প্রবেশপত্র প্রিন্ট**
admission.sust.edu.bd সাইটে sign in করে প্রত্যেক ইউনিটের জন্য ছাত্র-ছাত্রীদেরকে ২ (দুই) কপি প্রবেশপত্র সাদা A4 সাইজ অফসেট কাগজে রঙিন প্রিন্ট নিতে হবে। ভর্তি পরীক্ষার দিনে আবেদনকারীগণকে প্রত্যেক ইউনিটের জন্য ০২ (দুই) কপি প্রবেশপত্র অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার নির্ধারিত তারিখের ৭২ ঘন্টা পূর্ব থেকে শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষার ওয়েবসাইট admission.sust.edu.bd এর মাধ্যমে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবে।
- ৮.৭ ভর্তি পরীক্ষা সংক্রান্ত কোন বিষয়ে প্রশ্ন থাকলে বা তথ্য জানার প্রয়োজন হলে **01555555002-4** হটলাইনে (সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত) অথবা admission.sust.edu.bd সাইট এর Helpdesk মাধ্যমে যোগাযোগ করা যাবে।

৯. আসন বিন্যাস

ভর্তি পরীক্ষার আসন বিন্যাস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার নির্ধারিত তারিখের ৭২ ঘন্টা পূর্বে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (admission.sust.edu.bd) প্রকাশ করা হবে।

১০. প্রার্থী বাছাই ও ভর্তি প্রক্রিয়া

- ১০.১ ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর (৮০ এর মধ্যে), এসএসসি পরীক্ষায় প্রাপ্ত GPA কে ২ দিয়ে গুণ করে এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত GPA কে ২ দিয়ে গুণ করে সর্বমোট ১০০ নম্বরের মধ্যে একজন প্রার্থীর প্রাপ্ত নম্বরের উপর ভিত্তি করে মেধা তালিকা প্রণয়ন করা হবে। উক্ত মেধা তালিকায় একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে একই হলে নিম্নে বর্ণিত মানদণ্ড অনুসারে ভর্তি পরীক্ষার চূড়ান্ত মেধা তালিকা প্রণয়ন করা হবে।

ইউনিট A (Group 1 (A1) & Group 2 (A2))

- | | | | |
|------------------|------------------|------------------|------------------|
| 1. MCQ Score | 2. MCQ PHY Score | 3. MCQ CHE Score | 4. MCQ MAT Score |
| 5. MCQ BIO Score | 6. MCQ ENG Score | 7. HSC GPA | 8. HSC PHY |
| 9. HSC CHE | 10. HSC MAT | 11. HSC BIO | |

ইউনিট A (GCE & Others)

- | | | |
|----------------------------|----------------------------|----------------------------|
| 1. MCQ Score | 2. MCQ PHY Score | 3. MCQ CHE Score |
| 4. A Level/ Equivalent GPA | 5. A Level/ Equivalent PHY | 6. A Level/ Equivalent CHE |

ইউনিট B (বিজ্ঞান)

- | | | |
|------------------|------------------|-------------------|
| 1. MCQ Score | 2. MCQ PHY Score | 3. MCQ CHE Score |
| 4. MCQ ENG Score | 5. MCQ MAT Score | 6. MCQ BIO Score. |

ইউনিট B (GCE & others)

- | | | |
|--------------|------------------|------------------|
| 1. MCQ Score | 2. MCQ BNG Score | 3. MCQ ENG Score |
|--------------|------------------|------------------|

ইউনিট B (মানবিক)

- | | | |
|------------------|--------------------------|------------------|
| 1. MCQ Score | 2. MCQ মানবিক শাখা Score | 3. MCQ ICT Score |
| 4. MCQ MAT Score | 5. MCQ ENG Score. | |

ইউনিট B (বাণিজ্য)

- | | | |
|------------------|---------------------------|------------------|
| 1. MCQ Score | 2. MCQ বাণিজ্য শাখা Score | 3. MCQ ICT Score |
| 4. MCQ MAT Score | 5. MCQ ENG Score. | |

- ১০.২ ভর্তি পরীক্ষার ফলাফল ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে (admission.sust.edu.bd) প্রকাশ করা হবে।

- ১০.৫ একজন পরীক্ষার্থী মেধাতালিকা, বিষয়গত যোগ্যতা এবং পছন্দের ভিত্তিতে আসন থাকা সাপেক্ষে শুধু একটি বিভাগে ভর্তির সুযোগ পাবে।

- ১০.৬ ভর্তির সময় সদ্য তোলা ৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, এস.এস.সি. বা সমমান ও এইচ.এস.সি. বা সমমান পরীক্ষার মূল মার্কশিট, প্রশংসাপত্র ও ভর্তির জন্য প্রয়োজনীয় টাকা সঙ্গে আনতে হবে। প্রতিটি সনদপত্র ও মার্কশিটের ২টি ফটোকপি অবশ্যই সঙ্গে আনতে হবে এবং ভর্তি শেষে এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল মার্কশিটটি জমা রাখা হবে। সংরক্ষিত আসনে ভর্তির শিক্ষার্থীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।

১১. সংরক্ষিত আসনে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের জন্য জ্ঞাতব্য বিষয়াবলী

- ১১.১ প্রতি বিভাগে সংরক্ষিত আসন প্রতি সর্বোচ্চ ১ জন শিক্ষার্থী ভর্তি করা হবে।
- ১১.২ সংরক্ষিত আসনে ভর্তি ইচ্ছুক প্রার্থীরা যে সকল সনদ/প্রত্যয়ন পত্র দাখিল করবে, সেগুলো অবশ্যই সংশ্লিষ্ট অফিসিয়াল প্যাডে হতে হবে।
- ১১.৩ সংরক্ষিত আসনে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্রসমূহ এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থীদের শারীরিক অবস্থা/দক্ষতা যাচাই করার জন্য একটি স্বতন্ত্র উপা-কমিটি থাকবে যার সুপারিশের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।
- ১১.৪ শারীরিক/বাক-শ্রবণ/দৃষ্টি প্রতিবন্ধী সংরক্ষিত আসনে প্রতিবন্ধীদের ধরণ, মাত্রা ও বিভাগসমূহের সুযোগ-সুবিধা বিবেচনা করে শিক্ষার্থী ভর্তি করা হবে। ক্ষুদ্র-ন্যূন-গোষ্ঠী/জাতিসমূহ বা হরিজন-দলিত সংরক্ষিত আসনে স্ব স্ব জাতিগোষ্ঠী থেকে মেধার ভিত্তিতে কমপক্ষে ১ (এক) জন করে শিক্ষার্থী ভর্তি করা হবে। এই দুই ধরণের সংরক্ষিত আসনের ক্ষেত্রে ভর্তির সময় সমাজ-কল্যাণ মন্ত্রণালয়, সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার অথবা সংশ্লিষ্ট উপজেলা সমাজ কল্যাণ অফিসার কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্র গ্রহণযোগ্য হবে না।
- ১১.৫ খেলোয়াড়দের সংরক্ষিত আসনে আবেদনের জন্য প্রার্থীকে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান অর্থাৎ বিকেএসপি থেকে HSC বা সমমান পরীক্ষায় পাশ করতে হবে অথবা বাংলাদেশ জাতীয় দলের বর্তমান খেলোয়াড় হতে হবে অথবা বিগত তিনি বছরের মধ্যে জাতীয় অনূর্ধ্ব ১৬/১৭/২০ দলের সদস্য হয়ে অংশগ্রহণের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে অথবা বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় বাংলাদেশ জাতীয় র্যাকিং অনুযায়ী ১ থেকে ২০ এর মধ্যে র্যাকিং ধারী খেলোয়াড় হতে হবে। আবেদনকারীকে যোগ্যতার প্রমাণপত্র হিসেবে সংশ্লিষ্ট ক্রীড়া ফেডারেশন/প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরকৃত সনদ/প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ১১.৬ পোষ্যদের জন্য সংরক্ষিত আসনের ক্ষেত্রে স্থায়ী পদে বা স্থায়ী পদের বিপরীতে বিশ্বিদ্যালয়ে চাকুরীরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পোষ্যরা (স্বামী/স্ত্রী অথবা সন্তান) ভর্তির সুযোগ পাবে। অবসরপ্রাপ্তদের পোষ্যরা অভিভাবকের অবসর গ্রহণের পরবর্তী ৫(পাঁচ) বছর পর্যন্ত এবং চাকুরীরত অবস্থায় মৃতদের ক্ষেত্রেও অভিভাবকের অবসর গ্রহণের বয়সকালের পরবর্তী ৫(পাঁচ) বছর পর্যন্ত এ ধরণের সংরক্ষিত আসনে ভর্তির সুযোগ পাবে।
- ১১.৭ মুক্তিযোদ্ধা সংরক্ষিত আসনের ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের সন্তানরা (FFQ) ভর্তির সুযোগ পাবে। ভর্তির সময় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রাপ্ত মাতা/পিতার মুক্তিযোদ্ধার সনদ দাখিল করতে হবে।
- ১১.৮ চা-শ্রমিক সংরক্ষিত আসনের ক্ষেত্রে চা-শ্রমিক বা তাদের পোষ্যরা ((স্বামী/স্ত্রী অথবা সন্তান) আবেদন করতে পারবে। তবে ভর্তির সময় অবশ্যই চা বাগানের ম্যানেজার থেকে প্রাপ্ত সনদ/প্রত্যয়ন পত্র এবং ছয় মাসের বেতন বিবরণী দাখিল করতে হবে।
১২. ভর্তিকৃত সকল শিক্ষার্থীদেরকে স্বাস্থ্যবীমার আওতাভুক্ত করা হবে।

১৩. সতর্কীকরণ

ভর্তির আবেদন সংক্রান্ত কোন তথ্য মিথ্যা, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে আবেদনটি সরাসরি বাতিল হয়ে যাবে। ভর্তির পরে আবেদনপত্রে কোন ভুল/মিথ্যা ধরা পড়লেও ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল হবে ও মিথ্যা তথ্য প্রদানের বিষয় প্রমাণিত হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। ভর্তির সময় কোনো শিক্ষার্থী ডোপ টেস্টে মাদকাসক্ত প্রমাণিত হলে তাকে ভর্তির সুযোগ প্রদান করা হবে না।

১৪. যোগাযোগ

শাবিপ্রবি-তে ভর্তি সংক্রান্ত বিষয়ে কোনো প্রশ্ন থাকলে ০১৫৫৫৫৫০০২-৪ হটলাইনে (সকাল ১০.০০ টা থেকে বিকাল ৬.০০ টা পর্যন্ত) অথবা admission.sust.edu.bd সাইটের Helpdesk-এর মাধ্যমে যোগাযোগ করা যাবে।

১৫. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই ছুটাত বলে গণ্য হবে।

শাবিপ্রবি ভর্তি পরীক্ষা সংক্রান্ত প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন ও উত্তর

প্রশ্ন	শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি), সিলেট এর ২০২৪-২৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা কি গুচ্ছ/GST এর অন্তর্ভুক্ত?
উত্তর	শাবিপ্রবি ২০২৪-২৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ প্রথম সেমিস্টার স্নাতক ভর্তি পরীক্ষা গুচ্ছ/GST এর অন্তর্ভুক্ত নয়। শাবিপ্রবি এর নিজস্ব ভর্তি পরীক্ষা এ বছর সিলেট সহ অন্যান্য কয়েকটি নির্বাচিত বিভাগীয় শহরে অনুষ্ঠিত হবে। সে ক্ষেত্রে শিক্ষার্থীরা সিলেট না গিয়েও শাবিপ্রবি'র ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে আর্কিটেকচার (ARC) বিভাগে ভর্তি ইচ্ছুক A ইউনিটের Group-2 (A2) এর পরীক্ষার্থীদের ভর্তি পরীক্ষা শুধুমাত্র শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি), সিলেট পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
প্রশ্ন	শাবিপ্রবি ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ১ম সেমিস্টার ভর্তি পরীক্ষা ২৮ ফেব্রুয়ারী ২০২৫ শুক্রবার অনুষ্ঠিত হবে। কিন্তু একই দিনে অন্য বিশ্ববিদ্যালয়/ডেটাল কলেজ এর ভর্তি পরীক্ষাও অনুষ্ঠিত হওয়ার তারিখ উল্লেখ করা হয়েছে। এক্ষেত্রে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি), সিলেট এর ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তনের সম্ভাবনা আছে কি?
উত্তর	শাবিপ্রবি ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা ২৮ ফেব্রুয়ারী ২০২৫ শুক্রবার সকাল ও বিকাল বেলায় অনুষ্ঠিত হবে। যদি কোন অনিবার্য কারণগৰ্ষণত ভবিষ্যতে পরীক্ষার তারিখ পরিবর্তন হয় বা পরিবর্তনের সম্ভাবনা থাকে, তবে তা ভর্তি পরীক্ষার্থীদেরকে যথাসময়ে বিভিন্ন সংবাদ মাধ্যমে এবং ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (admission.sust.edu.bd) এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।
প্রশ্ন	ভর্তি পরীক্ষার অনলাইন আবেদন ফরম পূরণের সময় কোন টেকনিক্যাল সমস্যার সম্মুখীন হলে কার সাথে যোগাযোগ করতে হবে?
উত্তর	শাবিপ্রবিতে ভর্তি সংক্রান্ত কোন প্রশ্ন থাকলে কিংবা অনলাইন আবেদন পূরণের সময় কোন টেকনিক্যাল সমস্যার সম্মুখীন হলে এডমিশন সংক্রান্ত ওয়েবসাইট admission.sust.edu.bd এর Helpdesk মাধ্যমে যোগাযোগ করা যাবে। তাছাড়া হট লাইনে সকাল ১০:০০ থেকে বিকাল ৬:০০ পর্যন্ত নাম্বারগুলোতে (০১৫৫৫৫৫০০২-৪) যোগাযোগ করলে সাহায্য পাওয়া যাবে।
প্রশ্ন	অন্যান্য বিভাগীয় শহরে অনুষ্ঠিতব্য শাবিপ্রবি ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীরা কিভাবে কেন্দ্র নির্বাচন করবে এবং শিক্ষার্থীদের সর্বোচ্চ কতজন কোন একটি বিভাগীয় শহরে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে?
উত্তর	ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করার সময় ভর্তি পরীক্ষা কেন্দ্র নির্বাচনের অপশনে সিলেটসহ নির্বাচিত অন্যান্য শহরের পরীক্ষা কেন্দ্রের নাম দৃশ্যমান হবে। এক্ষেত্রে একজন শিক্ষার্থী তার পছন্দ ও সুবিধা অনুসারে ভর্তি পরীক্ষা কেন্দ্র নির্বাচন করবে। ঢাকা মহানগরস্থ কেন্দ্রগুলোর আসন সংখ্যা সীমিত থাকবে। এই কেন্দ্রগুলোতে ভর্তি পরীক্ষা দিতে ইচ্ছুক শিক্ষার্থীদের আবেদন কেন্দ্রগুলোর নির্ধারিত আসন সক্ষমতার/ সংখ্যার সর্বোচ্চ সীমা পূরণ হলে ঢাকায় পরীক্ষা কেন্দ্র পছন্দ করার সুযোগ আর থাকবে না। তবে সিলেট, চট্টগ্রাম, রংপুর এবং যশোর কেন্দ্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের কেন্দ্র পছন্দ করার সুযোগ এবং কেন্দ্রগুলোর আসন সংখ্যা উন্নত থাকবে। উল্লেখ্য যে, আর্কিটেকচার (ARC) বিভাগে ভর্তি ইচ্ছুক A ইউনিটের Group-2 (A2) এর পরীক্ষার্থীদের ভর্তি পরীক্ষা শুধুমাত্র শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি), সিলেট পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
প্রশ্ন	A ইউনিটের A1 (Group-1) এবং A2 (Group-2) তে আবেদনের জন্য শিক্ষার্থীকে কয়টি আবেদন করতে হবে?
উত্তর	A ইউনিটের A1 (Group-1) এবং A2 (Group-2) তে আবেদনের জন্য শুধুমাত্র একটি আবেদন করতে হবে। তবে শিক্ষার্থী যদি Group-1 (A1) এ আবেদন করে তবে আর্কিটেকচার (ARC) ছাড়া A ইউনিটভূক সকল বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে। আর Group-2 (A2) তে আবেদন করলে আর্কিটেকচার (ARC) সহ A ইউনিটভূক Group-1 (A1) এর সকল বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।

প্রশ্ন	ভর্তি পরীক্ষার কেন্দ্রে প্রবেশের সময় একজন শিক্ষার্থী কি কি নিয়ে প্রবেশ করতে পারবে?
উত্তর	পরীক্ষার কেন্দ্রে প্রবেশের সময় প্রত্যেক শিক্ষার্থী কালো কালির বল পয়েন্ট কলম এবং প্রত্যেক ইউনিটের জন্য দুই কপি প্রবেশপত্র সাদা A4 সাইজ অফসেট কাগজে রঙিন প্রিন্ট করে নিতে হবে। এছাড়াও পরীক্ষার হলে নির্দিষ্ট মডেলের ক্যালকুলেটর নিয়ে প্রবেশ করা যাবে। ক্যালকুলেটর এর মডেল সম্পর্কে বিস্তারিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (admission.sust.edu.bd) পাওয়া যাবে। পরীক্ষার হলে একজন পরীক্ষার্থীর সাথে মোবাইল ফোনসহ যাবতীয় ইলেকট্রনিক্স ডিভাইস যেমন, স্মার্ট ওয়াচ, হেডফোন, ইলেক্ট্রনিক হ্যান্ড ব্যান্ড, ইলেক্ট্রনিক চুলের ব্যান্ড এবং অনুরূপ ডিভাইস রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।
প্রশ্ন	ভর্তি পরীক্ষায় উল্লেখিত যেসব বিষয়ে পরীক্ষা দিতে হবে তার জন্য একজন শিক্ষার্থী কিভাবে প্রস্তুতি নিতে পারে এবং এ ক্ষেত্রে নির্দিষ্ট কোন রেফারেন্স/ সিলেবাস/পাঠ্য বই আছে কি?
উত্তর	একজন শিক্ষার্থী মাধ্যমিক পর্যায়ের সাধারণ গণিত বিষয়ে প্রস্তুতির জন্য শুধুমাত্র মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড কর্তৃক স্বীকৃত মাধ্যমিক পর্যায়ের সাধারণ গণিত সিলেবাস/ পাঠ্যবই এবং অন্যান্য সকল বিষয়ের প্রস্তুতির জন্য শিক্ষাবোর্ড কর্তৃক স্বীকৃত উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ের সিলেবাস/পাঠ্য বইগুলো অনুসরণ করতে পারে।
প্রশ্ন	পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার হলে প্রশ্নের সমাধান বের করা এবং খসড়া করার জন্য কোন অতিরিক্ত কাগজ সরবরাহ হবে কি?
উত্তর	পরীক্ষার হলে প্রত্যেক শিক্ষার্থীকে লিগ্যাল সাইজের এক পৃষ্ঠা কাগজ সরবরাহ করা হবে, তবে শিক্ষার্থীর প্রয়োজন হলে অতিরিক্ত কাগজ সরবরাহ করা যেতে পারে।
প্রশ্ন	শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি), সিলেট কিংবা সিলেট শহরে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে দূর-দূরাত্ম থেকে আগত ভর্তি পরিক্ষার্থীদের জন্য শাবিপ্রবি কর্তৃপক্ষ আবাসনের কোন সহায়তা প্রদান করতে সক্ষম কি?
উত্তর	শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি), সিলেট কর্তৃপক্ষের উদ্যোগে প্রত্যক্ষভাবে কোন ধরনের আবাসনের সহায়তা প্রদান করা হয় না। তবে দূর-দূরাত্ম থেকে আগত ভর্তি পরিক্ষার্থীরা হলে অবস্থানরত বর্তমান শিক্ষার্থীদের সাথে পূর্ব যোগাযোগের ভিত্তিতে এবং আবাসিক হল কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বিভিন্ন আবাসিক হলে অবস্থান করতে পারে।
প্রশ্ন	ভর্তি পরীক্ষার ফলাফল কবে প্রকাশিত হবে এবং আমি আমার ফলাফল কিভাবে জানতে পারব?
উত্তর	ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার এক সপ্তাহের মধ্যে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ হতে পারে। প্রত্যেক শিক্ষার্থী ভর্তি পরীক্ষার ওয়েবসাইটের (admission.sust.edu.bd) মাধ্যমে ফলাফল জেনে নিতে পারবে।
প্রশ্ন	২০২৪ সালে অনুষ্ঠিত কয়েকটি বিষয়ের উচ্চ মাধ্যমিক পরীক্ষা সংক্ষিপ্ত সিলেবাসে অনুষ্ঠিত হয়েছে। এ ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অন্তর্ভুক্ত উচ্চ মাধ্যমিক পর্যায়ের সেই কয়েকটি বিষয়ের জন্য ভর্তি পরীক্ষার প্রস্তুতির সিলেবাস কি হবে?
উত্তর	শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি), সিলেট ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ১ম সেমিস্টার ভর্তি পরীক্ষার অন্তর্ভুক্ত উচ্চ মাধ্যমিক পর্যায়ের উল্লেখিত সকল বিষয়ের উপর ভর্তি পরীক্ষার প্রশ্ন প্রণয়ন করার ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত সিলেবাস/ পাঠ্য বইয়ের পূর্ণাঙ্গ সিলেবাস অনুসরণ করা হবে।
	এছাড়াও ভর্তি পরীক্ষা সংক্রান্ত কোন বিষয়ে প্রশ্ন থাকলে বা তথ্য জানার প্রয়োজন হলে 01555555002-4 হটলাইনে (সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত) অথবা admission.sust.edu.bd সাইট এর Helpdesk মাধ্যমে যোগাযোগ করা যাবে।